Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

14 June 2011

112th Congress should consider a special tariff preference program for Bangladesh

Bangladesh deserves duty free access to the US market and Bangladesh's friends in the Congress should play a proactive role in this regard. The US congress should also renew the GSP program in its existing forms.This was said by Bangladesh Ambassador to USA and State Minister Mr. Akramul Qader today at a talk organized jointly by the US Bangladesh Advisory Council and Trade, Aid and Security Coalition in the Longworth House Office Building of the United States House of Representatives. Referring to the linkages between the duty-free market access for RMG in USA and the socio-economic development of Bangladesh especially in the vital area of empowering the women, he urged the 112th US congress to consider reintroduction of a bill to end the exceptionally high tariff regime imposed on Bangladesh's RMG. Ambassador Qader also emphasized that the US GSP program that expired in December 2010, should be renewed in its existing forms to provide preferential treatment to the basket of products currently entering the US market from Bangladesh.Drawing attention to the qualitative change of Bangladesh's economy from that of aid dependence to the expansion of trade and investment, he also urged both public and private investors of the US to come forward and invest in Bangladesh particularly in the power and energy sectors, ship-building and pharmaceuticals industries.

Congressman Hansen Clarke (D-MI), the first Bangladeshi-American to represent in the US Congress also spoke on the occasion. Echoing the same sentiment, Hansen Clarke said that he was working with Congressman Jim McDermott to reintroduce the 'New Partnership for Trade Development (NPTDA) Act' suggesting a fair tariff regime for Bangladesh's RMG. Among others, Mr. Jack Garrity, Executive Director, Asia Society and Edward Gresser, Director of the Progressive Economy Project, Global Works Foundation also spoke. The program was attended by officials from the US Department of State, Department of Labour, investors and businessmen, Congressional staffers, members of think tanks, expatriate Bangladeshis and media representatives.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

জুন ১৪, ২০১১

১১২ তম মার্কিন কংগ্রেসকে বাংলাদেশের জন্য বিশেষ শুল্ক সুবিধা প্রদানের আহ্বান

মার্কিন বাজারে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত সুবিধা পাওয়ার লক্ষ্যে মার্কিন কংগ্রেসে বাংলাদেশের শুভানুধ্যায়ীগণের সক্রিয় ভূমিকা পালন করা উচিত। জিএসপি সুবিধার বর্তমান কাঠামো অব্যাহত রাখার জন্যও মার্কিন কংগ্রেসের জোরালো ভূমিকা রাখা প্রয়োজন। বাংলাদেশ এ্যাডভাইজারী কাউন্সিল এবং ট্রেড, এইড এন্ড সিকিউরিটি কোয়ালিশন-এর যৌথ উদ্যোগে মার্কিন কংগ্রেসের লংওয়ার্থ হাউজ অফিস বিল্ডিং-এ আয়োজিত এক আলোচনায় মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের একথা বলেন। তিনি উল্লেখ করেন, মার্কিন বাজারে বাংলাদেশের পোশাক শিল্পের শুল্কমুক্ত সুবিধা এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়ন বিশেষ করে নারীর ক্ষমতায়নে এর মধ্যে গভীর সম্পর্ক রয়েছে। সে কারণে তিনি বাংলাদেশের পোশাক শিল্পের উপর যে অস্বাভাবিক শুল্ক আরোপিত রয়েছে তা অবলুপ্ত করতে ১১২তম কংগ্রেসকে অনুরোধ জানান। রাষ্ট্রদূত কাদের আরও উল্লেখ করেন, ডিসেম্বর ২০১০ এ মার্কিন জিএসপি সুবিধার মেয়াদ শেষ হয়েছে এবং তা নবায়নের সময় অবশ্যই বর্তমান কাঠামো অব্যাহত রাখা উচিত যাতে করে মার্কিন বাজারে প্রবেশকৃত বাংলাদেশী পণ্যসমূহ একইরকম সুবিধা পেতে পারে। তিনি বলেন, বাংলাদেশের অর্থনীতিতে গুনগত পরিবর্তন ঘটেছে এবং বিদেশী সাহায্য নির্ভরতার পরিবর্তে ব্যবসা বাণিজ্য ও বিনিয়োগের উপর নির্ভরশীলতা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। ফলে মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারী ও বেসরকারী বিনিয়োগকারীগণ বাংলাদেশে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ করে বিদ্যুৎ ও জ্বালানী, জাহাজ নির্মান এবং ঔষধ শিল্পে বিনিয়োগে এগিয়ে আসতে পারে।

মার্কিন কংগ্রেসে প্রতিনিধিত্বকারী প্রথম বাংলাদেশী আমেরিকান কংগ্রেসম্যান জনাব হ্যানসেন ক্লার্কও এ আলোচনায় বক্তব্য রাখেন। রাষ্ট্রদূতের দৃষ্টিভংগীর সাথে একমত প্রকাশ করে কংগ্রেসম্যান ক্লার্ক বলেন যে, তিনি কংগ্রেসম্যান জিম ম্যাকডারমটের সাথে বাংলাদেশের জন্য 'নিউ পার্টনারশীপ ফর ট্রেড ডেভেলপম্যান্ট এ্যাক্ট' নামক একটি বিল কংগ্রেসে পুনঃ উপস্থাপনের বিষয়ে উদ্যোগ নিচ্ছেন যাতে করে বাংলাদেশ মার্কিন বাজারে ন্যায্য শুল্ক সুবিধা পেতে পারে। আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে এশিয়া সোসাইটির নির্বাহী পরিচালক জনাব জ্যাক গ্যারিটি এবং গ্লোবাল ওয়ার্কস ফাউন্ডেশনের পরিচালক জনাব এডওয়ার্ড গ্রেসার উপস্থিত ছিলেন। আলোচনা অনুষ্ঠানটিতে মার্কিন পররাষ্ট্র ও শ্রম দপ্তর, বিনিয়োগকারী ও ব্যবসায়ী, কংগ্রেসশনাল কর্মকর্তাগণ, থিংক ট্যাংকের সদস্যগণ, প্রবাসী বাংলাদেশী এবং গণমাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

যোগাযোগ ঃ স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-২০০০৮, টেলিফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল- pressministerwash@yahoo.com